রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
রেজিং নং- ০০২৯বিডি, তারিখ- ০২/০৭/২০১৫খ্রিঃ
রাজারচর, সাহেবের হাট,বরিশাল সদর,বরিশাল।

## নির্বাচনী তফসিল-২০২৩

এতদ্বারা রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট **ইউনিয়ন** লিঃ এর ব্যবস্থাপনা কমিটির বিগত ০৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীনভাবে) চরমোনাই ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়,বিশ্বাসের হাট,চরমোনাই,বরিশাল সদর,বরিশাল এই ঠিকানায় বিশেষ সাধারন সভায় নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির একজন সভাপতি, একজন সহ-সভাপতি, একজন সম্পাদক, একজন যুগ্নসম্পাদক, একজন কোষাধ্যক্ষ ও ০৭(সাত)জন সদস্য সহ মোট ১২(বার)সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি সমিতির সদস্যদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষে জেলা সমবায় অফিসার(অতিরিক্তদায়িত্ব)জেলাসমবায় কার্যালয়, বরিশাল মহোদয়ের ১৮/০৭/২০২৩খ্রিঃ তারিখের ৪৭.৬১.০৬০০.০০০.৩৬.০০৪.২২.৯২২ নং স্মারকের প্রেক্ষিতে নির্বাচন কমিটি কর্তৃক অনুষ্ঠিত ১ম সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী অদ্য ০৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখে নিম্নরুপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মসূচী | তারিখ | সময় | স্থান | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র বিতরন | ১৩/০৮/২০২৩ খ্রিঃ ও ১৪/০৮/২০২৩ খ্রিঃ | সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | ১৭/০৮/২০২৩ খ্রিঃ | সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটির |
| ৩ | মনোনয়ন পত্র যাচাই/বাছাই | ১৯/০৮/২০২৩ খ্রিঃ | সকাল ১০.৩০ ঘটিকা | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৪ | বাছাই শেষে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ১৯/০৮/২০২৩ খ্রিঃ | বাছাই শেষে | সমিতির নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি |
| ৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল সমবায় বিধিমালা ২০০৪ এর ২৯ বিধিমতে | ২০/০৮/২০২৩ খ্রিঃ ও ২১/০৮/২০২৩ খ্রিঃ | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | জেলা সমবায় কার্যালয়, বরিশাল।। |
| ৬ | আপীল আবেদনের উপর শুনানী গ্রহন ও নিস্পত্তি সমবায় বিধিমালা ২০০৪ এর ২৯(২)বিধিমতে | ২২/০৮/২০২৩ খ্রিঃ, ২৩/০৮/২০২৩ খ্রিঃ ও ২৪/০৮/২০২৩ খ্রিঃ | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। |
| ৭ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ২৭/০৮/২০২৩ খ্রিঃ | সকাল ১০ টা | সমিতির নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি কর্তৃক। |
| ৮ | প্রার্থীতা প্রত্যাহার | ২৮/০৮/২০২৩ খ্রিঃ | সকাল ১০ টা হতে বেলা ১২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৯ | চুড়ান্ত বৈধ তালিকা প্রকাশ | ২৯/০৮/২০২৩ খ্রিঃ | বেলা ১১.০০ঘটিকা | সমিতির নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি |
| ১০ | বৈধ প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও প্রকাশ | ৩০/০৮/২০২৩ খ্রিঃ | বেলা ১.৩০ মিনিট | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১১ | ভোট গ্রহণ | ১৬/০৯/২০২৩ খ্রিঃ | সকাল ৯.০০ টা হতে বেলা ৪.০০ টা পর্যন্ত (বিরতিহীন ভাবে) | চরমোনাই ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়,বিশ্বাসের হাট,চরমোনাই,বরিশাল সদর,বরিশাল | নির্বাচন কমিটি |
| ১২ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | ১৬/০৯/২০২৩ খ্রিঃ | ভোট গ্রহণ শেষে ও ভোট গণনা সমাপ্তির পরপরই। | চরমোনাই ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়,বিশ্বাসের হাট,চরমোনাই,বরিশাল সদর,বরিশাল | নির্বাচন কমিটি |

স্বাক্ষর/-
(আবদুল আউয়াল)
সদস্য
নির্বাচন কমিটি
রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
জেলা ব্যবস্থাপক,কালব লি:
বরিশাল।

স্বাক্ষর/-
(মো: জাকির হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়
বরিশাল সদর,বরিশাল।

স্বাক্ষর/-
( লতিফা আকতার )
সভাপতি
নির্বাচন কমিটি
রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
বরিশাল সদর, বরিশাল।

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়াদি ঃ

১। সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকরণে আগ্রহী প্রার্থীকে মনোনয়ন পত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহকালে মনোনয়ন পত্রের নির্ধারিত মূল্য অফেরত যোগ্য (সভাপতি পদে ৪০০০/- টাকা, সহ-সভাপতি পদে ৪০০০/- টাকা, সম্পাদক পদে ৩০০০/- টাকা,যুগ্মসম্পাদক পদে ৩০০০/- ,কোষাধ্যক্ষ পদে ২৫০০/- এবং সদস্য পদে ১৫০০/- টাকা) জমা দিয়ে রশিদ/প্রমাণক গ্রহণ করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের/প্রমাণকের মূলকপি সংযুক্ত করতে হবে। সমিতি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়ন পত্র বা উহার ফটোকপি গ্রহণ যোগ্য হবে না।

২। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রার্থীকে পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৩। সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ও ২০১৩) এর ১৭(৬) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৪ বিধিএবং সমিতির উপ-আইন অনুয়ায়ী যোগ্য হতে হবে।

৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সমিতির সদস্য সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) এর ১৭(৬), ১৮(৮) ও ১৯(১) ঙ ধারা অনুসারে ঋন খেলাপী কোন সদস্য নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন না। এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮ এবং অত্র সমিতির উপ-আইন (সর্বশেষ সংশোধিত উপ- আইন যদি থাকে) মোতাবেক যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতির কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে এবং উহা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার যাচাই পূর্বক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫। মনোনয়ন পত্র নির্ভুল ভাবে পূরণকৃত বর্ণিত তফসিল মোতাবেক নির্ধারিত তারিখে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং উহাতে সমিতির সীল মোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।

৬। একই ব্যক্তি একাধিক পদে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

৭। অসম্পূর্ণ ঘষামাজা ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩ ) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ ও সংশোধিত,২০২০ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৮। সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত- ২০০২ ও সংশোধিত-২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও সংশোধিত,২০২০ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং অত্র সমিতির উপ আইন অনুসরন পূর্বক নির্বাচন পরিচালনা করা হবে এবং নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ হবে।

৯। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ ও সংশোধিত,২০২০ এর ৮৭ ও ৮৮ বিধি অনুসরন করতে হবে।

১০। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটিন সভাপতির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১। মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কার্যাদি চলাকালীন সময় প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১২। চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবেন না।

১৩। প্রার্থীকে উক্ত নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ১২(বার) মাস ব্যাপি অব্যাহত ভাবে সংশ্লিষ্ট সমিতির সদস্য হতে হবে।

১৪। নির্ধারিত প্রতীক সমূহঃ ক) সভাপতি পদে ঃ চেয়ার,আম,মাছ,ছাতা,টেবিল খ) সহ-সভাপতি পদে ঃ তলোয়ার, আনারস,টেলিভিশন,হরিন,লাটিম,গ) সম্পাদক পদে ঃ বাই সাইকেল,মোটর সাইকেল,হারিকেন,মোবাইল,জগ,গ্লাস ,ঘ)যুগ্মসম্পাদক পদেঃ তালা-চাবি ,ফুটবল,জাহাজ,কলম,গোলাপ ফুল,ঙ)কোষাধ্যক্ষ পদেঃ বই,মই,কলস,মোরগ, আপেল। চ) সদস্য পদে ঃ কুড়াল, হাঁস, মোমবাতি, দেয়াল ঘড়ি, খেজুরগাছ,কাঁঠাল,সূর্যমুখী ফুল,ফ্যান,তালগাছ,গরুর গাড়ী,ভ্যান গাড়ী,চাকা ।

(প্রার্থীর সংখ্যা উপরে বর্নিত প্রতীক এর বেশী হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক ব্যবহার করতে পারবেন)

| | | |
|---|---|---|
| (আব্দুল আউয়াল) | (মো: জাকির হোসেন) | ( লতিফা আকতার ) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি | নির্বাচন কমিটি | নির্বাচন কমিটি |
| রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ |
| ও | ও | ও |
| জেলা ব্যবস্থাপক,কালব লি: | সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় অফিসার |
| বরিশাল। | বরিশাল সদর,বরিশাল। | বরিশাল সদর,বরিশাল। |

স্মারক নং- ৮০ তারিখ ঃ ০৯/০৮/২০২৩ খ্রিঃ

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, বরিশাল সদর,বরিশাল। তাঁকে অত্র নির্বাচনী তফসিল ও সংশ্লিষ্ট জ্ঞাতব্য বিষয়াদি নোটিশ বোর্ডে লটকানোসহ সদস্যগণকে আগামী ১০/০৮ /২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

২। উপজেলা সমবায় অফিসার, বরিশাল সদর,বরিশাল।

৩। জেলা সমবায় অফিসার, বরিশাল ।

৪। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল ।

( লতিফা আকতার )
সভাপতি
নির্বাচন কমিটি
রাজারচর-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
বরিশাল সদর, বরিশাল।